

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০১৭.২২-৫৯

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে আরব বাংলাদেশ ওভারসীজ এন্ড হজ গ্রুপ (হজ লাইসেন্স নং- ১৩০০), ১৮৬/২০০, খাজা মার্কেট (৪র্থ তলা), সি.ডি.এ এভিনিউ মুরাদপুর, পাঁচলাইস, চট্টগ্রাম এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করা হয়েছে:

" নিম্নমানের খাবার পরিবেশন ও অপরিচ্ছন্ন পরিবেশ ;" এবং

০৪। যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের গত ২২.০৮.২০২২ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০১১.২০.২২৬ নম্বর স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয় এবং আপনার জবাব সন্তোষজনক না হওয়ায়; এবং

০৫। যেহেতু উক্ত অভিযোগটি তদন্তের নিমিত্ত গত ১১.০৯.২০২২ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০১১.২০.৩০৬ নং স্মারকমূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-২ এর নিকট প্রেরণ করা হয় এবং গত ২১.০৯.২০২২ ও ২৪.১১.২০২২ তারিখ কমিটির শুনানীতে হাজির হয়ে বক্তব্য পেশ করেন;

০৭। সেহেতু আরব বাংলাদেশ ওভারসীজ এন্ড হজ গ্রুপ (হজ লাইসেন্স নং- ১৩০০) এর বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতে হজ ব্যবস্থাপনায় আরো দায়িত্বশীল হওয়ার জন্য আরব বাংলাদেশ ওভারসীজ এন্ড হজ গ্রুপ (হজ লাইসেন্স নং- ১৩০০) কে নির্দেশনা দেয়া হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯

mail.morahajsection@gmail.com

জনাব মোহাম্মদ আবু তাহের
স্বত্বাধিকারী


আরব বাংলাদেশ ওভারসীজ এন্ড হজ গ্রুপ (হজ লাইসেন্স নং- ১৩০০)
১৮৬/২০০, খাজা মার্কেট (৪র্থ তলা), সি.ডি.এ এভিনিউ মুরাদপুর, পাঁচলাইস, চট্টগ্রাম

নং- ১৬.০০.০০০০.০১৭.৩৩.০১৭.২২-৫৯

তারিখ: ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব মাওলানা রফিকুল ইসলাম, বাড়ি-৪১-৪২, ব্লক-ক, শাহ আরী, মিরপুর-১, ঢাকা-১২১৬।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব